

AFMC Admission Test : 2015-16

পরীক্ষার্থীদের প্রতি নির্দেশনাবলী:-


- AFMC Admission Test পরীক্ষায় মোট প্রশ্ন=100 টি, মোট মার্ক্স=100 এবং মোট সময়=60 মিনিট।
- MCQ অংশে মোট প্রশ্ন 100 টি। প্রতিটি প্রশ্নের মার্ক্স 1 করে মোট মার্কস=100। প্রতিটি MCQ এর জন্য একটি করে সঠিক উত্তর রয়েছে। তাই, প্রতিটি MCQ এর সঠিক উত্তরের অপশন সিলেক্ট করতে হবে এবং কোন প্রশ্ন না পারলে "Skip" অপশন সিলেক্ট করবে।
- প্রতিটি ভুল উত্তরের জন্য 0.25 নম্বর কাটা হবে।
- MCQ এর সব অপশন সিলেক্ট করে Submit অপশনে ক্লিক করলে তোমার উত্তরপত্র জমা হবে। সাথে সাথে তোমার প্রাপ্ত স্কোর দেখতে পারবে।
- ক্যালকুলেটর ব্যবহার করা যাবে না।

1. আপেক্ষিক রোধ কোনটির উপরে নির্ভর করে?

(1 point)

- রোধ
- তাপমাত্রা
- প্রস্থচ্ছেদের ক্ষেত্রফল
- চাপ
- Skip

একে আপেক্ষিক রোধ (Specific resistance) বা রোধাঙ্ক (resistivity) বলে। কোনো পরিবাহীর আপেক্ষিক রোধ বা রোধাঙ্ক এর উপাদান এবং তাপমাত্রার ওপর নির্ভর করে।



মনে করি কোনো একটি পরিবাহীর দৈর্ঘ্য, $l = 1$ মিটার এবং প্রস্থচ্ছেদের ক্ষেত্রফল, $A = 1$ বর্গ মিটার [চিত্র ৩.৪]।

∴ সমীকরণ (i) থেকে পাই,

$$R = \frac{\rho \times l}{A} = \rho$$

সুতরাং, আপেক্ষিক রোধের নিম্নোক্ত সংজ্ঞা দেয়া যায় :

সংজ্ঞা : একক দৈর্ঘ্য এবং একক প্রস্থচ্ছেদ ক্ষেত্রফলবিশিষ্ট কোনো একটি পরিবাহী তার প্রস্থচ্ছেদের অভিলম্ব-ভাবে বিদ্যুৎ প্রবাহে যে পরিমাণ বাধা প্রদান করে তাকে তার আপেক্ষিক রোধ বলে।

একক : আপেক্ষিক রোধের একক ও'ম মিটার ($\Omega\text{-m}$)।

রোধের নির্ভরশীলতা : কোনো পরিবাহীর রোধ চারটি বিষয়ের ওপর নির্ভর করে। যথা—

- ১। পরিবাহীর দৈর্ঘ্য
- ২। পরিবাহীর প্রস্থচ্ছেদের ক্ষেত্রফল
- ৩। পরিবাহীর উপাদান
- ৪। পরিবাহীর তাপমাত্রা

Explanation:

2. কোন তাপ বস্তুর তাপমাত্রার ঘটায় না?

(1 point)

- আপেক্ষিক সুপ্ততাপ
- গলন তাপ
- বাষ্পীভবন তাপ
- Latent Heat
- Skip

Explanation:

তাপ যা বস্তুর তাপমাত্রার পরিবর্তন না ঘটিয়ে অবস্থার পরিবর্তন ঘটায় তাকে সুপ্ততাপ (latent heat) বলে।

3. AI এর আপেক্ষিক রোধ কত?

(1 point)

- 2.65×10^{-9}
- 1.65×10^{-8}

- 2.65×10^{-8}
- 3.75×10^{-8}
- Skip

Explanation:

2.65×10^{-8}

4. $1.4 M_{\odot}$ এর কম ভরের তারকা কোনটি?

(1 point)

- নিউট্রন তারকা
- পালসার
- শ্বেতবামন
- কোনোটিই নয়
- Skip

সুতরাং তারকার মৃত্যু পর্ব কয়েকটি ধাপে ঘটতে পারে। এই ধাপগুলো নির্ভর করে মৃত্যু পর্ব শুরুর সময়ের ভর অনুসারে। যৌবন পর্বের ভর বিবেচনা করা হয় না এ কারণে যে তারকা রক্তিম দৈত্য হিসেবে, অথবা সুপারনোভার মধ্যে কিংবা নেবুলা গ্রহ সৃষ্টির মাধ্যমে ভর হারায়। ধাপগুলো হলো—

১। যে সমস্ত তারকার ভর সূর্যের ভর (M_{\odot}) অপেক্ষা 1.4 গুণ কম সেগুলো শ্বেত বামন (white dwarf) হবে। শ্বেত বামন আস্তে আস্তে তাপীয় শক্তি বিকিরণের মাধ্যমে স্তিমিত হয়ে কালো বামন (black dwarf) হবে এবং জীবন চক্র শেষ করবে।

Explanation:

5. মাইকের শব্দের তীব্রতা লেভেল কত?

(1 point)

- 120
- 134
- 345
- 60
- Skip

Explanation:

এই শব্দ কানে বেদনা দেয়

সারণি ৯.১ : কয়েকটি শব্দের তীব্রতা ও তীব্রতা লেভেল

শব্দ	তীব্রতা, I (Wm^{-2})	আপেক্ষিক তীব্রতা, I/I_0	তীব্রতা লেভেল (dB)
সর্বনিম্ন শ্রাব্য শব্দ	1×10^{-12}	10^0	0
পাতার মর্মর শব্দ	1×10^{-11}	10^1	10
ফিসফিসানী	1×10^{-9}	10^3	30
শ্রেণিকক্ষের শব্দ	1×10^{-7}	10^5	50
স্বাভাবিক কথাবার্তা	1×10^{-6}	10^6	60
ব্যস্ততম রাস্তার শব্দ	1×10^{-5}	10^7	70
কারখানার কোলাহল	1×10^{-3}	10^9	90
মাথার উপরের জেট প্রেনের শব্দ	1×10^{-2}	10^{10}	100
তীব্র বজ্রনির্ঘোষের শব্দ	1×10^{-1}	10^{11}	110
কানে বেদনা দানকারী সূচন শব্দ	1×10^0	10^{12}	120

6. শব্দ কী ধরনের তরঙ্গ?

(1 point)

- অনুগামী অনুপ্রস্থ তরঙ্গ
- অগ্রগামী অনুদৈর্ঘ্য তরঙ্গ
- অগ্রগামী অনুপ্রস্থ তরঙ্গ

- অনুগামী অনুদৈর্ঘ্য তরঙ্গ
 Skip

Explanation:

অগ্রগামী অনুদৈর্ঘ্য তরঙ্গ

7. 1J=? ft-pound

(1 point)

- 0.0838
 0.123
 0.738
 1.23
 Skip

Explanation:

0.738

8. কোনো লেন্সের ক্ষমতা +6D। লেন্সটি থেকে কত দূরে বস্তু রাখলে বস্তুর এক-তৃতীয়াংশ আকারের বিম্ব সৃষ্টি হবে?

(1 point)

- 50cm
 30cm
 10cm
 44cm
 Skip

Explanation:

সমাধান: $|m| = \frac{v}{u} = \frac{1}{2} \Rightarrow v = \frac{u}{2}; \frac{1}{v} + \frac{1}{u} = \frac{1}{f} \Rightarrow \frac{2}{u} + \frac{1}{u} = 6 \Rightarrow \frac{3}{u} = 6 \Rightarrow u = 0.5m \therefore u = 50cm$

9. $m=1g$ হলে $E=$ কত J?

(1 point)

- $9 \times 10^{13}J$
 $3.4 \times 10^{13}J$
 $1.2 \times 10^{13}J$
 $6.9 \times 10^{13}J$
 Skip

Explanation:

আমরা জানি,

$$E = mc^2 = (1 \times 10^{-3}) \times (3 \times 10^8)^2$$

10. অবতল দর্পনের ব্যবহার নয় কোনটি?

(1 point)

- দন্ত চিকিৎসা
 পেলিস্কোপ

- টর্চলাইট
- লঞ্চ, জাহাজের সার্চলাইট
- Skip

Explanation:

অবতল দর্পনের ব্যবহারঃ

- ১। রূপচর্চা ও দাঁড়ি কাঁটতে ব্যবহার করা।
- ২। দন্ত চিকিত্সকগণ ব্যবহার করেন
- ৩। টর্চলাইট, স্টিমার বা লঞ্চের সার্চলাইটে প্রতিফলক হিসেবে।
- ৪। আলোক ও তাপশক্তি ইত্যাদি কেন্দ্রীভূত করে কোন বস্তুকে উত্তপ্ত করতে, রাডার এবং টিভি সংকেত সংগ্রহে ব্যবহৃত হয়। যেমন ডিশ এ্যান্টেনা, সৌরচুল্লি টেলিস্কোপ এবং বাডার সংগ্রাহক ইত্যাদিতে।
- ৬। ডাক্তাররা চোখ, নাক, কান ও গলা পরীক্ষা করার জন্য।

11. AC কে একমুখীকরণকে কী বলে?

(1 point)

- অ্যাম্পলিফায়ার
- ট্রায়োড
- রেকটিফায়ার
- ইমালসিফায়ার
- Skip

Explanation:

রেকটিফায়ার হলো একটি বৈদ্যুতিক যন্ত্র যা পরিবর্তনশীল বিদ্যুৎ প্রবাহকে (যার দিক পর্যায়ক্রমিকভাবে পরিবর্তন হয়), একমুখী বিদ্যুৎ প্রবাহে রূপান্তরিত করে, যার দিক হলো একটি নির্দিষ্ট দিকে এবং এই প্রক্রিয়াকে বলে একমুখীকরণ (রেকটিফিকেশন)। রেকটিফায়ারের অনেক ব্যবহার আছে যেমনঃ পাওয়ার সাপ্লাইয়ের উপাদান হিসেবে এবং রেডিও সংকেতের সনাক্তকরণ যন্ত্র হিসেবে। রেকটিফায়ার হতে পারে সলিড স্টেট ডায়োড, ভ্যাকুয়াম টিউব ডায়োড, মার্কারী আর্ক ভালভ এবং অন্যান্য উপাদান থেকে নির্মিত। যে যন্ত্র এর বিপরীত কার্য সম্পাদন করে (ডিসিকে এসিতে পরিবর্তিত করে) তাকে বলে বৈদ্যুতিক ইনভার্টার। যখন শুধুমাত্র একটি ডায়োড ব্যবহার করা হয় এসিকে রেকটিফাই করতে (তরঙ্গের ধনাত্মক বা ঋণাত্মক অংশকে বাধাগ্রস্ত করতে) তখন ডায়োড ও রেকটিফায়ারের মধ্যে ব্যবধান খুব সামান্য থাকে অর্থাৎ রেকটিফায়ার শব্দটা তখন বর্ণনা করে একটি ডায়োডকে যা এসিকে ডিসিতে রূপান্তর করতে ব্যবহৃত হয়। একটি ডায়োড ব্যবহার করার চেয়ে প্রায় সব রেকটিফায়ারই একটি নির্দিষ্ট সংখ্যক ডায়োডকে অন্তর্ভুক্ত করে এসি থেকে ডিসিকে রূপান্তর করতে আরো বেশি কর্মদক্ষতার সাথে। সিলিকন অর্ধপরিবাহী রেকটিফায়ারের উন্নতির আগে, ভ্যাকুয়াম টিউব ডায়োড এবং কপার(১) অক্সাইড বা সেলেনিয়াম রেকটিফায়ারের গাদা ব্যবহৃত হত।

12. তড়িৎ প্রবাহের SI একক কোনটি?

(1 point)

- Qulumb
- Ampere
- Volt
- Ohm
- Skip

Explanation:

Ampere(A)

13. কোথায় চৌম্বকের আকর্ষণ সবচেয়ে বেশি?

(1 point)

- কেন্দ্রে
- পার্শ্বীয়
- চারপাশে
- মেরু
- Skip

Explanation:

মেরু অঞ্চলে চুম্বকের আকর্ষণ ক্ষমতা সবচেয়ে বেশী। চুম্বকের উত্তর মেরু আসলে পৃথিবীর ভৌগোলিক দক্ষিণ মেরু। ক্যাসেটের ফিতার শব্দ সঞ্চিত থাকে চুম্বক শক্তি হিসেবে।

14. ভৌগোলিক মধ্যতল ও চৌম্বক মধ্যতলের মধ্যবর্তী কোণ-

(1 point)


- বিনতি কোণ
- বিচ্যুতি কোণ
- আপতিত কোণ
- প্রতিফলিত কোণ
- Skip

Explanation:

১. বিচ্যুতি কোণ : কোনো একটি চুম্বককে ভারকেন্দ্র দিয়ে মুক্তভাবে ঝুলিয়ে রাখলে ভৌগোলিক মধ্যতলের সাথে তার মধ্যতল মিলে যায় না। একটি মধ্যতল অন্য মধ্যতলকে ছেদ করে। ফলে তাদের মধ্যে একটি কোণ উৎপন্ন হয়। এই কোণকে ওই স্থানের ডু-চুম্বকত্বের বিচ্যুতি কোণ বা চ্যুতি বলে। একে সংক্রমণ কোণও বলা হয়।

সংজ্ঞা : পৃথিবীর কোনো স্থানে চৌম্বক মধ্যতল এবং ভৌগোলিক মধ্যতলের মধ্যবর্তী কোণকে ওই স্থানের ডু-চুম্বকত্বের বিচ্যুতি কোণ বা বিচ্যুতি বলে। একে 'θ' দ্বারা প্রকাশ করা হয় ও ডিগ্রীতে মাপা হয়। পৃথিবীর বিভিন্ন স্থানে বিচ্যুতি কোণ বিভিন্ন। ৪°২২'৫৮" চিত্রে O স্থানে AODC তল দ্বারা ভৌগোলিক মধ্যতল ও BODE তল দ্বারা চৌম্বক মধ্যতল নির্দেশ করা হয়েছে। কাজেই ∠AOB ঐ স্থানের বিচ্যুতি কোণ।

কোনো স্থানে সূচি চুম্বকের উত্তর মেরু ভৌগোলিক অক্ষের সাথে θ কোণে পূর্বে থাকলে ওই স্থানের বিচ্যুতি কোণকে θ°E বা θ° পূর্ব সংক্ষেপে পূ. এবং θ কোণে পশ্চিমে থাকলে ওই স্থানের বিচ্যুতি কোণকে θ°W বা θ° পশ্চিম সংক্ষেপে প. লেখা হয়।



চিত্র ৪.২২

15. কোন তাপমাত্রায় চুম্বকত্ব বিনষ্ট হয়?

(1 point)

- কুরী তাপমাত্রা
- গলন তাপমাত্রা
- স্থায়ী তাপমাত্রা
- কোনটিই নয়
- Skip

ফেরোচৌম্বক পদার্থ নিম্নলিখিত ধর্ম প্রদর্শন করে :

- (i) কোনো অসম চৌম্বক ক্ষেত্রে একটি ফেরোচৌম্বক পদার্থ রাখলে উহা ক্ষেত্রটির দুর্বলতর অঞ্চল হতে অধিক শক্তিশালী অঞ্চলের দিকে প্রবলভাবে ধাবিত হয়। ইহা সবলভাবে আকৃষ্ট হয়।
- (ii) কোনো ফেরোচৌম্বক পদার্থকে একটি চৌম্বক ক্ষেত্রে রাখলে উহার বলরেখাগুলি লক্ষণীয়ভাবে বিকৃত হয়ে যায়।
- (iii) ফেরোচৌম্বক পদার্থের আবেশ B প্রযুক্ত চৌম্বক ক্ষেত্রের প্রবাল্য H এর তুলনায় অনেক বেশি হয়।
- (iv) ফেরোচৌম্বক পদার্থের প্রবণতা K ধনাত্মক এবং অত্যন্ত বৃহৎ মানের হয়।
- (v) এই চৌম্বক পদার্থের প্রবেশ্যতা ও প্রবণতা উভয়ই চুম্বক ক্ষেত্রের প্রাবল্যের সাথে পরিবর্তিত হয়।
- (vi) তাপমাত্রা বৃদ্ধির সঙ্গে ফেরোচৌম্বক পদার্থের চৌম্বক গ্রাহিতা (K) কমেতে থাকে। তাপমাত্রাকে একটি বিশেষ মানের উর্ধ্বে উঠালে বিনিময় যুগলয়ন হঠাৎ বিলুপ্ত হয় এবং বস্তুটি প্যারাচৌম্বক পদার্থে পরিণত হয়। এই বিশেষ বা ক্রান্তি তাপমাত্রাকে বলা হয় কুরী তাপমাত্রা (Curie temperature)। লোহার ক্ষেত্রে এই তাপমাত্রা 1043 K।

ফেরোচৌম্বকত্বের শ্রেণিবদ্ধ আরও দুই ধরনের চৌম্বক পদার্থ রয়েছে। এদেরকে বলা হয় ফেরিচৌম্বক (ferrimagnetic) পদার্থ এবং প্রতি-ফেরোচৌম্বক (anti-ferromagnetic) পদার্থ।

Explanation:

16. লাল ও বেগুনি আলোর মধ্যে কার বিচ্যুতি বেশি?

(1 point)

- লাল
- নীল
- বেগুনী
- সাদা
- Skip

Explanation:

যার তরঙ্গদৈর্ঘ্য কম তার প্রতিসরণ,বিক্ষেপণ ,বিচ্যুতি প্রভৃতি বেশি)

- তরঙ্গ দৈর্ঘ্য সবচেয়ে বেশি= লাল
- তরঙ্গ দৈর্ঘ্য সবচেয়ে কম= বেগুনি
- আলোর প্রতিসরণ সবচেয়ে বেশি= বেগুনি
- আলোর প্রতিসরণ সবচেয়ে কম= লাল
- আলোর বিক্ষেপণ সবচেয়ে বেশি =বেগুনি
- আলোর বিক্ষেপণ সবচেয়ে কম= লাল
- বর্ণের আলোর বিচ্যুতি সবচেয়ে বেশি = বেগুনি
- আলোর বিচ্যুতি সবচেয়ে কম=লাল

17. স্ক্রু-গজের ত্রুটি ঋণাত্মক হলে কাটা কোন দিকে থাকবে?

(1 point)

- ডান দিকে
- মাঝখানে
- নিচের দিকে
- বাম দিকে
- Skip

Explanation:

ঋণাত্মক হলে বাম দিকে এবং ধনাত্মক হলে ডানদিকে

18. ইলেক্ট্রন নিঃসৃত হয়-

(1 point)

- আলোক-তড়িৎ ক্রিয়ায়
- তড়িৎ ক্রিয়ায়
- চৌম্বক ক্রিয়ায়
- তাপীয় ক্রিয়ায়
- Skip

Explanation:

৮.১৩.৩ আলোক তড়িৎ ক্রিয়ার বৈশিষ্ট্য
Characteristics of photo electric effect

আলোক তড়িৎ ক্রিয়ার নিম্নলিখিত বৈশিষ্ট্য রয়েছে—

- (১) আলোক তড়িৎ ক্রিয়া একটি তাৎক্ষণিক ঘটনা অর্থাৎ আলো আপতিত হওয়ার সঙ্গে সঙ্গেই ইলেকট্রন নির্গত হয়। আলোক রশ্মির আপতিত ও ইলেকট্রন নিঃসরণের মধ্যে সময়ের ব্যবধান 10^{-9} s বা তারও কম।
- (২) প্রত্যেক ধাতু হতে আলোক ইলেকট্রন নির্গমনের জন্য আপতিত রশ্মির একটি ন্যূনতম কম্পাঙ্ক থাকে যার নাম প্রারম্ভ কম্পাঙ্ক।
- (৩) বিভিন্ন ধাতুর ক্ষেত্রে প্রারম্ভ কম্পাঙ্ক বিভিন্ন।
- (৪) আলোক ইলেকট্রনের বেগ কোনো নির্দিষ্ট শীর্ষ মানের মধ্যে হতে পারে।
- (৫) আলোক ইলেকট্রনের সর্বোচ্চ গতিবেগ আপতিত রশ্মির কম্পাঙ্কের সমানুপাতিক।
- (৬) আলোক ইলেকট্রন নির্গমনের হার আপতিত আলোকের প্রাবল্যের সমানুপাতিক।

অনুসন্ধান কর : এক্স-রশ্মি বা গামা রশ্মি দ্বারা আলোক তড়িৎ ক্রিয়া ঘটানো সম্ভব কী ?

দৃশ্যমান আলোর ফোটনের শক্তি অপেক্ষাকৃত কম। এই রশ্মি ধাতব পৃষ্ঠে আপতিত হলে ফোটনটি বিলুপ্ত হয় এবং সম্পূর্ণ শক্তি ইলেকট্রন শোষণ করে ধাতু থেকে নির্গত হয়। কিন্তু এক্স-রশ্মি বা গামা রশ্মির ফোটনের শক্তি খুবই বেশি যা ইলেকট্রন সম্পূর্ণ শোষণ করতে পারে না এবং ফোটনও বিলুপ্ত হয় না। এ ঘটনাটি আলোক তড়িৎ ক্রিয়া নয়, কম্পটন ক্রিয়া।

19. কে তেজস্ক্রিয়তা আবিষ্কার করেন?

(1 point)

- আইনস্টাইন
- অ্যারিস্টটল
- বেকরেল
- মার্ক টোয়েন
- Skip

Explanation:

১৮৯৬ খ্রিষ্টাব্দে বেকরেল ইউরেনিয়ামের লবণের দ্যুতির উপর গবেষণা করার সময় ঘটনাচক্রে তেজস্ক্রিয়তা আবিষ্কার করেন।

20. অর্ধায়ু ক্ষয় ধ্রুবকের-

(1 point)

- সমাণুপাতিক
- বর্গের সমাণুপাতিক
- ব্যস্তানুপাতিক
- বর্গের ব্যস্তানুপাতিক
- Skip

$$\therefore T = \frac{0.693}{\lambda} \dots \dots \dots (9.14)$$

অর্থাৎ তেজস্ক্রিয় পদার্থের অর্ধায়ু এর ক্ষয় ধ্রুবকের ব্যস্তানুপাতিক।

1 গ্রাম ইউরেনিয়াম পরমাণু ভেঙে ঠিক অর্ধেক অর্থাৎ $\frac{1}{2}$ গ্রাম হতে 450 কোটি বছর সময় লাগে। আরও 450

Explanation: কোটি বছরে $\frac{1}{2}$ গ্রাম ভেঙে $\frac{1}{4}$ গ্রাম হবে। সুতরাং ইউরেনিয়ামের অর্ধায়ু 450 কোটি বছর।

21. তড়ায় 0.039cm গুলি ঢোকানোর পর বেগ অর্ধেক হলে বাকি পথটুকুতে অতিক্রান্ত দূরত্ব-

(1 point)

- 0.00078cm
- 9.13cm
- 0.013cm
- 0.67cm
- Skip

Explanation:

শর্টকাট হলো একটা গুলি দেয়লে ঢুকলে যদি বেগ অর্ধেক হয় তবে সেটি আরো এক-তৃতীয়াংশ হয়ে যাবে।

22. 1 আলোকবর্ষ= কত মিটার?

(1 point)

- 4.56×10^{15}
 7.89×10^{15}
 9.46×10^{15}
 1.23×10^{15}
 Skip

Explanation:

1 ly = 1 আলোকবর্ষ ***
 = এক বছরে আলোর অতিক্রান্ত দূরত্ব

$$S = vt = (3 \times 10^8) \times (365 \times 24 \times 3600)$$

$$1 \text{ ly} = 0.42 \times 10^{15} \text{ m} = 0.42 \times 10^{12} \text{ km}$$

$$= 0.42 \times 10^{17} \text{ cm} = 0.42 \times 10^{24} \text{ nm}$$

$$= 0.42 \times 10^{27} \text{ pm} = 0.42 \times 10^{21} \text{ \mu m}$$

$$* = 5.86 \times 10^{12} \text{ mile} = 0.42 \times 10^{12} \text{ km}$$

$$\boxed{1 \text{ mile} = 1.609 \text{ km}}$$

23. চালসে(চল্লিশ বছরে) দৃষ্টিতে কোন লেন্স ব্যবহৃত হয়?

(1 point)

- বাই ফোকাল
 ইউনি ফোকাল
 সেমি ফোকাল
 ট্রাই ফোকাল
 Skip

Explanation:

বাই-ফোকাল লেন্স-এর আবিষ্কারের নাম কী? বাইফোকাল বা দ্বিকেন্দ্রী লেন্স দুটি স্বতন্ত্র অপটিক্যাল লেন্সযুক্ত চশমা। বাইফোকালগুলি সাধারণত প্রেসবিওপিয়া রোগীদের জন্য নির্ধারিত হয় যাদের মায়োপিয়া, হাইপারোপিয়া এবং / অথবা উপাত্ত ঠিকভাবে দেখতে লেন্স সংযোজন প্রয়োজন।

24. আইনস্টাইন এর ভর-শক্তির সূত্রানুসারে কোনটি সঠিক?

(1 point)

- $E=mc^2$
 $E=mC^2$
 $e=MC^2$
 $e=mc^2$
 Skip

$$\text{বা, } E_1 = mc^2 - m_0c^2 \quad \dots \quad \dots \quad \dots \quad (8.45)$$

এটিই হলো আপেক্ষিকতার গতিশক্তির সমীকরণ।

বস্তু যদি স্থিতিশীল অবস্থায় থাকে, তবে তার মধ্যে যে শক্তি সঞ্চিত থাকে, তাকে স্থির ভর শক্তি (Rest mass energy) বলে এবং এর পরিমাণ $= m_0c^2$

∴ বস্তুর মোট শক্তি

$$E = \text{গতিশক্তি} + \text{স্থির ভর শক্তি}$$

$$\text{বা, } E = E_k + m_0c^2$$

$$\text{বা, } E = mc^2 - m_0c^2 + m_0c^2$$

$$\text{বা, } \boxed{E = mc^2} \quad \dots \quad \dots \quad \dots \quad (8.46)$$

Explanation:

এটিই হলো বিজ্ঞানী আইনস্টাইন-এর ভর-শক্তি সমীকরণ।

25. দুটি ভেক্টরের সমষ্টি ও পার্থক্য সমান হলে এদের মধ্যবর্তী কোণ কত?

(1 point)

- 90°
 180°
 60°
 45°
 Skip

Explanation:

সাধারণভাবে চিনটা করোঃ


*দুটা ভেক্টর এর সমষ্টি সামান্তরিকের কর্ণ নির্দেশ করলে দুটা ভেক্টর এর বিয়োগফল অবশ্যই গৌণ কর্ণটা নির্দেশ করবে। আর সামান্তরিকের কর্ণ সমান মানে এটা আয়াতক্ষেত্র। আর, আয়াতক্ষেত্রের কর্ণ দুটার মধ্যবর্তী কোণ 90°

26. চুম্বকের জ্যামিতিক দৈর্ঘ্য 10সেমি হলে এর চৌম্বক দৈর্ঘ্য-

(1 point)

- 0.85 cm
 8.5cm
 0.085cm
 85cm
 Skip

(৬) চৌম্বক দৈর্ঘ্য : চৌম্বক অক্ষ বরাবর কোনো একটি চুম্বকের দুই মেরুর মধ্যবর্তী দূরত্বকে তার চৌম্বক দৈর্ঘ্য বলে। চৌম্বক দৈর্ঘ্য একটি দিক রাশি। এর দিক চুম্বকের অক্ষ বরাবর দক্ষিণ হতে উত্তর মেরুর দিকে।



(৭) জ্যামিতিক দৈর্ঘ্য : কোনো একটি চুম্বকের দুই প্রান্তের মধ্যবর্তী দূরত্বকে জ্যামিতিক দৈর্ঘ্য বলে। AB এর মধ্যবর্তী দূরত্ব জ্যামিতিক দৈর্ঘ্য এবং N ও S পোলের মধ্যবর্তী দূরত্ব চৌম্বক দৈর্ঘ্য।

চৌম্বক দৈর্ঘ্য ও জ্যামিতিক দৈর্ঘ্যের মধ্যে সম্পর্ক হলো—

$$\frac{\text{চৌম্বক দৈর্ঘ্য}}{\text{জ্যামিতিক দৈর্ঘ্য}} = 0.85$$

Explanation:

27. পারদের রোধ কত ডিগ্রি সেলসিয়াস তাপমাত্রার নিচে শূন্য?

(1 point)

- 180
 100
 -269
 -345
 Skip

Explanation:

-269°C

28. কোনটি কৌণিক সরণের একক নয়?

- ডিগ্রি
- রেডিয়ান
- গ্রেড
- পাই
- Skip

Explanation:

পাই একটা ধ্রুব মান, ইহা কোন একক নয়।

29. তড়িৎ বল সঞ্চালনের মধ্যস্থতার ভূমিকা পালন করে কে?

(1 point)

- বিন্দু চার্জ
- তড়িৎ আধান
- Skip
- ভেদনযোগ্যতা
- তড়িৎ ক্ষেত্র

Explanation:

২.১.২ ক্ষেত্র তত্ত্ব
Field theory

কুলম্বের সূত্র থেকে আমরা জানি, দুটি চার্জিত বস্তুর মধ্যে পারস্পরিক আকর্ষণ বা বিকর্ষণ বল এদের মধ্যে কোনো সংযোগ ছাড়াই ক্রিয়া করে। সুতরাং তৌম্বক বল বা মহাকর্ষ বলের ন্যায় তড়িৎ বল দূর থেকে ক্রিয়াশীল প্রকৃতির। দুটি চার্জিত বস্তুর এরূপ পারস্পরিক ক্রিয়া ব্যাখ্যা করার জন্য ফ্যারাডে তড়িৎ ক্ষেত্রের ধারণা উপস্থাপন করেন। একে ক্ষেত্র তত্ত্ব বলে। এই ধারণা অনুসারে কোনো চার্জিত বস্তুর উপস্থিতিতে একে ঘিরে সমগ্র অঞ্চল একটি বিশেষ ধর্ম অর্জন করে। এই ধর্মের দ্বারা ওই অঞ্চলে অন্য কোনো চার্জিত বস্তু আনলে তার ওপর তড়িৎ বল ক্রিয়াশীল হয়। কোনো অঞ্চলে একটি চার্জ আনলে এর ওপর যদি তড়িৎ বল ক্রিয়া করে, তবে ওই অঞ্চলে তড়িৎ ক্ষেত্র রয়েছে ধরা হয়। কাজেই তড়িৎ ক্ষেত্র তড়িৎ বল সঞ্চালনের মধ্যস্থতার ভূমিকা পালন করে।

এখন কুলম্বের সূত্র অনুসারে যখন দুটি চার্জিত বস্তুর মধ্যবর্তী দূরত্ব অসীম হয়, কেবল তখনই পারস্পরিক তড়িৎ বলের মান শূন্য হতে পারে। সুতরাং তাত্ত্বিকভাবে বলা যায় যে, কোনো চার্জিত বস্তুর স্থির তড়িৎ ক্ষেত্র অসীম পর্যন্ত বিস্তৃত হয়, যদিও কয়েক মিটার পর এর মান এত ক্ষুদ্র হয় যে তা পরিমাপ করা সম্ভব হয় না।

30. কুণ্ডলীর অভ্যন্তরে কিসের মজ্জা থাকলে আবিষ্ট তড়িৎ প্রবাহের মাত্রা বৃদ্ধি পায়?

(1 point)

- অ্যালুমিনিয়াম
- কাঁচা লোহা
- ইস্পাত
- দস্তা
- Skip

Explanation:

৪.১৬.২ স্থায়ী চুম্বকের ব্যবহার Use of permanent magnet

স্থায়ী চুম্বকের চুম্বকত্ব সহজে বিলুপ্ত হয় না। তাই একে বিভিন্ন গুরুত্বপূর্ণ কাজে ব্যবহার করা হয়। খুব শক্তিশালী স্থায়ী চুম্বকের জন্য অ্যালুমিনিকো, রেডিওর অ্যান্টেনা ও টেপেরেকর্ডিং এর ফিতার জন্য ভিক্যালয় (Vicalloy) (লোহা, কোবাল্ট, ড্যানাডিয়াম এর সংকর), লাউড স্পিকারের চুম্বকের জন্য ডিকোনাল ব্যবহৃত হয়।

বহুল পরিচিত স্থায়ী চুম্বক হলো সিরামিক চুম্বক। এই চুম্বক কম্পিউটারের স্মৃতির ফিতায়, টেপেরেকর্ডারের ফিতায় এবং রেডিওর অ্যান্টেনা তৈরিতে বহুল ব্যবহৃত হয়। এই সিরামিক চুম্বক আয়রন অক্সাইড ও বেরিয়াম অক্সাইডের মিশ্রণে তৈরি করা হয়।

খনিজ থেকে উত্তোলনকৃত প্রাকৃতিক চুম্বকের দিকদর্শী ধর্ম থাকায় দিক নির্ণয়ের কাজে ব্যবহৃত হয়।

কতগুলি সংকর ধাতু যেমন পারম্যাংগন (লোহা ও নিকেলের সংকর ধাতু) এদের চৌম্বক প্রবেশ্যতা বেশি হওয়ার ভেদে চুম্বক তৈরির কাজে ব্যবহৃত হয়। তাছাড়া মাম মেটাল (নিকেল, কপার, লোহা, ক্রোমিয়াম সংকর)-ও এই কাজে ব্যবহৃত হয়। ট্রান্সফরমারের কোর, টেলিফোনের ডায়ফ্রাম, ডাইনামো ও মোটরের আর্মেচার তৈরির জন্য ইস্পাত অপেক্ষা কাঁচা লোহা অনেক বেশি উপযোগী। কারণ কাঁচা লোহার হিসটেরেসিস অপচয় ইস্পাত অপেক্ষা কম, চৌম্বক প্রবেশ্যতা প্রায় 250। লোহার সাথে 4% সিলিকন মিশিয়ে এর প্রবেশ্যতা বেশি করা হয়। এ রকম সংকর ধাতুকে স্ট্যালয় বলে।

এ ছাড়া পারম্যাংগন (নিকেল ও লোহার সংকর), মামমেটাল (নিকেল, কপার, লোহা ও ক্রোমিয়ামের সংকর) ইত্যাদির আদি প্রবেশ্যতা অনেক বেশি হওয়ায় উপরোক্ত কাজে এগুলো ব্যবহার করা হয়।

স্থায়ী চুম্বক নির্মাণের জন্য উপযুক্ত পদার্থ :

স্থায়ী চুম্বক নির্মাণের জন্য উপযুক্ত চৌম্বক পদার্থের নিম্নলিখিত ধর্মগুলি থাকা প্রয়োজন। যথা—


- পদার্থটির ধারণ ক্ষমতা উচ্চমানের হতে হবে যাতে পদার্থটিকে চৌম্বক ক্ষেত্র থেকে সরিয়ে নিলেও পদার্থটি কিছু পরিমাণ চুম্বকত্ব ধরে রাখতে পারে।
- পদার্থটির সহনশীলতা উচ্চমানের হওয়া প্রয়োজন যাতে পদার্থটিকে যথেষ্ট ব্যবহারের পরেও আবিষ্ট চুম্বকত্ব ধরে রাখতে পারে।

31. ডায়াজেনিয়াম লবণ থেকে হ্যালো বেনজিন তৈরীর বিক্রিয়া কোনটি? (1 point)

- রাইমার-টাইম্যান
 আয়োডোফর্ম
 গ্যাটারম্যান
 ক্লোরিফিকেশন
 Skip

Explanation:

খ. গ্যাটারম্যান বিক্রিয়া : বেনজিন ডায়াজেনিয়াম লবণকে কপার চূর্ণ এবং হ্যালোজেন এসিডসহ উত্তপ্ত করলেও ডায়াজেনিয়াম লবণকে হ্যালোজেন দ্বারা প্রতিস্থাপিত হয়। এ বিক্রিয়াকে গ্যাটারম্যান বিক্রিয়া বলে।



32. NH_3 এর শুষ্ককরণে কোনটি ব্যবহৃত হয়? (1 point)

- CaO
 NH_4OH
 CaCl_2
 NaCl
 Skip

Explanation:

CaO পানি শুষে নেয়।

33. সালফার যুক্ত অ্যামাইনো এসিডকে কোনটি? (1 point)

- লাইসিন
 লিউসিন
 ভ্যালিন

● মিথিয়নিন

○ Skip

Explanation:

মিথিয়নিন হচ্ছে একটি এসেনশিয়াল এমাইনো এসিড (Essential amino acid) যার প্রাকৃতিক উৎস হলো বিভিন্ন প্রকার উদ্ভিদ ও পানী।

সংগত কারনেই উদ্ভিদ নিয়ে আলোচনা করছি। উদ্ভিদ আমাদের দোলনা থেকে কবর পর্যন্ত উপকার করেই চলছে কিন্তু দোলনায় বসার আগেই এই উদ্ভিদ আমাদের কত উপকার করে তা নিয়েই অবতারণা করার চেষ্টা করছি।

Formula: $C_5H_{11}NO_2S$

34. মেলাডুর তৈরীতে কোনটি ব্যবহৃত হয়?

(1 point)

○ সার

● মিথান্যাল

○ কস্টিক সোডা

○ মেলামাইন

○ Skip

Explanation: মেলাডুর হল মেলামাইন - মিথান্যালের পলিমার

35. ${}_{11}Na^{23}$ এর ক্ষেত্রে কোনটি সঠিক?

(1 point)

○ নিউট্রন সংখ্যা=12

○ ভর সংখ্যা=12

● নিউট্রন সংখ্যা=12

○ নিউট্রন সংখ্যা=11

○ Skip

আসা যায় যে, কোনো আইসোটোপের ভর সংখ্যা A এবং সে মৌলের পারমাণবিক সংখ্যা Z হলে সে আইসোটোপে Z টি প্রোটন, Z টি ইলেকট্রন ও (A - Z) টি নিউট্রন আছে। সারণি ২.৩ থেকে তা পরিষ্কার হবে।

সারণি ২.৩ হতে এটি স্পষ্ট যে, ${}^{12}C$, ${}^{13}C$ -এর মধ্যে এবং ${}^{16}O$, ${}^{17}O$, ${}^{18}O$ -এর মধ্যে পার্থক্য নিউট্রনের সংখ্যা। অর্থাৎ নিউট্রনের সংখ্যার তারতম্যের জন্যই আইসোটোপের সৃষ্টি। যেহেতু একই মৌলের সব আইসোটোপের ভৌত ও রাসায়নিক ধর্ম একই, সেহেতু একথা নিশ্চিতভাবে বলা চলে যে, ভৌত ও রাসায়নিক ধর্মাবলির উপর নিউট্রনের কোনো প্রভাব নেই। প্রশ্ন উঠে, পরমাণুর ভেতরে নিউট্রন, প্রোটন, ইলেকট্রন কোথায় এবং কীভাবে থাকে। নিউট্রন আবিষ্কারের বহু পূর্বেই রাদারফোর্ড প্রমাণ করেন যে, পরমাণুতে দুটি ভাগ আছে; একটি কেন্দ্র এবং অপরটি কেন্দ্রের চারদিকে পরিক্রমণরত ইলেকট্রনসমূহ। বর্তমানে এটি সন্দেহাতীতভাবে প্রমাণিত যে, নিউট্রন ও প্রোটনসমূহ কেন্দ্রে থাকে।

Explanation:

36. ক্যান্সার কোষ ধ্বংসে কোনটি ব্যবহৃত হয়?

(1 point)

○ Fr

○ Cd

● Rn

○ Pt

○ Skip

Explanation:

আর্গন

(১) আর্গন প্রধানত ইলেকট্রিক বাস্তু পূরণে ব্যবহৃত হয়। বাস্তু আর্গন থাকার দরুন টাংস্টেন সূত্র (tungsten filament) সহজে বাষ্পীভূত হয় না ফলে বাল্বের পরমাণু অনেকাংশে বর্ধিত হয়।

- (২) রেডিও-এর বাস ও রেকটিফায়ার-এ আর্গন ব্যবহৃত হয়।
 (৩) আল্ট্রা-এর কাজে নিষ্ক্রিয় পরিবেশ সৃষ্টি করতে আর্গন ব্যবহৃত হয়।
 (৪) গ্যাস ক্রোমাটোগ্রাফিতেও এর ব্যবহার আছে।

ক্রিপটন

- (১) আর্গনের মত ক্রিপটনও টিউব বাতিতে ব্যবহৃত হয়।
 (২) কসমিক রশ্মি পরিমাপে আয়নীকরণ প্রকোষ্ঠে (Ionisation chamber) ক্রিপটন ব্যবহৃত হয়।
 (৩) ক্রিপটন পারমাণবিক দীপ (Krypton atomic lamp) নির্মাণে Kr 85-এর ব্যবহার আছে।
 (৪) খনি-শ্রমিকদের 'ক্যাপ-ল্যাম্প' ক্রিপটন ব্যবহার করা হয়।

জেনন

- (১) দ্রুত গতিসম্পন্ন ফ্লাশ-লাইটে জেনন আছে।
 (২) নিউট্রন γ -রশ্মি ও নিরপেক্ষ মেসন (meson) শনাক্তকরণে বুদবুদ প্রকোষ্ঠ (Bubble chamber) তৈরি করতে এটি ব্যবহৃত হয়।

রেডন

- (১) রেডিও-থ্যারাপি চিকিৎসায় শরীরে ক্ষতিকর বৃদ্ধি নাশে এটি ব্যবহৃত হয়।
 (২) ক্যানসারের মত দুরারোগ্য ব্যাধি নিরসনেও রেডন ব্যবহৃত হয়।

37. বায়োগ্যাস এ কত % মিথেন থাকে?

(1 point)

- 80-90%
 56-60%
 60-70%
 10-20%
 Skip

Explanation:

বায়োগ্যাসের মধ্যে মিথেন গ্যাসের পরিমাণ থাকে সবচেয়ে বেশি। ... এতে ৫৫-৬৫% মিথেন গ্যাস, ৩০-৪০% কার্বন-ডাই-অক্সাইড এবং সামান্য পরিমাণ নাইট্রোজেন ও হাইড্রোজেন সালফাইড উৎপাদিত হয়। সাধারণত ১ কিউবিক মিটার বায়োগ্যাস থেকে ৫৫০০-৬৫০০ কিলোক্যালরি তাপশক্তি পাওয়া যায়। Jun 6, 2018

38. কৃষিতে pH > 9.5 মান ব্যবহার করলে-

(1 point)

- মাটির উর্বরতা নষ্ট হয়
 মাটি উর্বর হয়
 ফসলের উপকার হয়
 জলজ প্রাণীর খাদ্যের পরিমাণ বৃদ্ধি পায়
 Skip

8.১৬.১ কৃষি উৎপাদনে pH এর গুরুত্ব

Importance of pH in Agriculture

কৃষি উৎপাদনে ও মাটির pH নিয়ন্ত্রণ গুরুত্বপূর্ণ। মাটির pH একটি সুনির্দিষ্ট সীমার মধ্যে হলেই গাছপালা মাটি থেকে প্রয়োজনীয় খাদ্য গ্রহণ করতে পারে, নতুবা নয়। pH এর মান 3 এর চেয়ে কম হলে অর্থাৎ মাটি অধিক অম্লীয় হলে গাছপালা মরে যায়। যেমন, এসিড বৃষ্টির ফলে pH এর মান হ্রাস পাওয়ায় অনেক স্থানে গাছপালা মরে গিয়ে মরণ প্রক্রিয়া সৃষ্টি হয়। লালমনিরহাট এলাকার অল্পধর্মী মাটিতে চুন (CaO) ও ডলোমাইট (CaCO₃.MgCO₃) জুড়া দেয়ার পর এই মাটির pH বৃদ্ধি পায়। ফলে এই মাটিতে গম, ভুট্টা, চীনাবাদাম চাষ করা সম্ভব হচ্ছে। আবার ক্ষারকীয় মাটির বেলায় মাটির pH এর মান 9.5 এর উপরে হলে মাটির উর্বরতা বিনষ্ট হয়। কারণ তখন মাটির উর্বরতা সহায়ক অণুজীব মরে যায়। মাটির অণুজীব বৃদ্ধির সহায়ক pH হলো 6.6 – 7.3. বিভিন্ন অণুজীব মাটির উর্বরতা বৃদ্ধির উপাদান N,S,P মৌল যোগান দেয়। সুতরাং কৃষি জমিতে মাটির pH এর বিস্তার কৃষি কাজের অবস্থানভেদে বিভিন্ন অঞ্চলে 3-9.5 এর মধ্যে রাখা হয়।

Explanation:

39. অম্লীয় মাধ্যমে হলুদ বর্ণ দেখায় কোনটি?

(1 point)

- ফেনল রেড
- ফেনফথ্যালিন
- মিথাইল অরেঞ্জ
- লিটমাস পেপার
- Skip

সারণি-৩.২ : কিছু গুরুত্বপূর্ণ এসিড ক্ষার নির্দেশক :

নির্দেশকের নাম	অম্লীয় মাধ্যমে বর্ণ	ক্ষারীয় মাধ্যমে বর্ণ	বর্ণ পরিবর্তনে pH পরিসর
১. ফেনলফথ্যালিন	বর্ণহীন	লালচে বেগুনি	8.2 – 9.8
২. থাইমল ব্লু (ক্ষার)	হলুদ	নীল	8.0 – 9.6
৩. ক্রিসল রেড	হলুদ	লাল	7.2 – 8.8
৪. ফেনল রেড	হলুদ	লাল	6.8 – 8.4
৫. ব্রোমোথাইমল ব্লু	হলুদ	নীল	6.0 – 7.6
৬. লিটমাস	লাল	নীল	6.0 – 8.0
৭. মিথাইল রেড	লাল	হলুদ	4.2 – 6.3
৮. মিথাইল অরেঞ্জ	গোলাপি-লাল	হলুদ	3.1 – 4.4
৯. থাইমল ব্লু (অম্ল)	লাল	হলুদ	1.2–2.8

Explanation:

40. কমলায় কোন এস্টার থাকে?

(1 point)

- মিথাইল
- ইথাইল
- অক্টাইল ইথানয়েট
- পেন্টাইল
- Skip

Explanation:

এস্টারের নাম উৎস/ যে ফলে থাকে

- ১। মিথাইল বিউটানয়েট আপেল
- ২। ইথাইল বিউটানয়েট আনারস, পিচ
- ৩। ৩-মিথাইল বিউটাইল ইথানয়েট(আইসোঅ্যামাইল অ্যাসিটেট) নাশপাতি
- ৪। অক্টাইল ইথানয়েট কমলা
- ৫। মিথাইল স্যালিসাইলেট উইন্টার গ্রীন
- ৬। পেন্টাইল ইথানয়েট(অ্যামাইল অ্যাসিটেট) পাকা কলা
- ৭। পেন্টাইল বিউটানয়েট স্ট্রবেরি
- ৮। মিথাইল অ্যানথ্রানিলেট আঙ্গুর
- ৯। ৩-মিথাইল বিউটাইল প্রোপানয়েট অ্যাপ্রিকট, প্লাম

41. কোনটি জারক ও বিজারক উভয় রূপে কাজ করে?

(1 point)

- CaO
- Al₂O₃
- SO₂
- AgO
- Skip

Explanation:

☼ একই পদার্থ কখনো জারক আবার কখনো বিজারক হাতে পারে না: কোনো একটি বিক্রিয়ায় একটি জারক দ্রব্য অপর একটি বিক্রিয়ায় বিজারক রূপে ব্যবহার করতে পারে।

যেমন, SO_2 -এর সঙ্গে Br_2 -এর বিক্রিয়ার সময় SO_2 , Br_2 -কে বিজারিত করে HBr -এ পরিণত করে। এই বিক্রিয়ায় SO_2 বিজারক দ্রব্য।

আবার H_2S -এর সঙ্গে SO_2 -এর বিক্রিয়ায় SO_2 , H_2S -কে জারিত করে সালফারে পরিণত করে। এখানে SO_2 জারক রূপে কাজ করে।

☼ হাইড্রোজেন পারঅক্সাইডের জারণ ক্রিয়া:- H_2O_2 , সালফিউরাস অ্যাসিডকে জারিত করে সালফিউরিক অ্যাসিডে পরিণত করে।

হাইড্রোজেন পারঅক্সাইডের বিজারণ ক্রিয়া:- ক্লোরিনকে H_2O_2 বিজারিত করে HCl -এ পরিণত করে।

অনুরূপে নাইট্রাস অ্যাসিড [HNO_2], আয়োডিন [I_2] প্রভৃতির জারণ এবং বিজারণ ক্ষমতা আছে।

42. $1F=?C$

(1 point)

- 96485C
- 12098C
- 3444C
- 0.000347C
- Skip

Explanation:

ফ্যারাডে (Faraday) : এক মোল ইলেকট্রনের মোট চার্জ হলো 96,500 কুলম্ব। এ পারমাণ বিদ্যুৎ চার্জকে এক ফ্যারাডে চার্জ বলা হয় এবং একে F দ্বারা চিহ্নিত করা হয়।

∴ $1F = 96500 \text{ C}$ বিদ্যুৎ চার্জ।

1 মোল সিলভার (Ag) উৎপাদনের জন্য 1F বিদ্যুৎ চার্জ প্রয়োজন।

∴ x মোল সিলভার (Ag) উৎপাদনের $x \times F$ বিদ্যুৎ চার্জ প্রয়োজন।

সুতরাং তড়িৎদ্বারে সঞ্চিত সিলভারের পরিমাণ প্রবাহিত বিদ্যুৎ চার্জের সমানুপাতিক।

MCQ-4.10: এক ফ্যারাডে বলতে কী বোঝায়?

(ক) 96500 টি e^- (খ) 96500 টি e^- এর চার্জ

(গ) 6.022×10^{23} টি e^- এর চার্জ

(ঘ) N_A সংখ্যক ইলেকট্রন

অর্থাৎ তড়িৎ বিশ্লেষ্য কোষে প্রবাহিত বিদ্যুতের পরিমাণ থেকে তড়িৎ বিশ্লেষ্য পদার্থের পরিমাণ নির্ণয় করা যায়।

43. কোনটিকে পানি কাঁচ বলা হয়?

(1 point)

- প্লাটিনাম অক্সাইড
- ক্যালসিয়াম সিলিকেট
- সোডিয়াম সিলিকেট
- ক্যালসিয়াম হাইড্রোক্সাইড
- Skip

Explanation:

সোডিয়াম সিলিকেট যেমন যৌগিক প্রধানত metasilicate, নামেও waterglass, জল গ্লাস, বা তরল কাচ মিশ্রণ জন্য প্রযুক্তিগত এবং সাধারণ নাম। সিমেন্ট তৈরি, প্যাসিভ ফায়ার সুরক্ষা, টেক্সটাইল এবং লাঙ্গার প্রক্রিয়াজাতকরণ, অবাধ্য সিরামিক উৎপাদনের সামগ্রী, আঠালো হিসাবে এবং সিলিকা জেলের উৎপাদনের সাথে বিভিন্ন ধরনের পণ্য রয়েছে।

44. টিয়ার গ্যাসে কোন যৌগ থাকে?

(1 point)

- CHCl_2
 $\text{CCl}_4\text{-NO}_3$
 $\text{CCl}_3\text{-NO}_2$
 $\text{Pt-CH}_3\text{CH}$
 Skip

Explanation: The compound 2-chlorobenzalmalononitrile (also called o-chlorobenzylidene malononitrile; chemical formula: $\text{C}_{10}\text{H}_5\text{ClN}_2$), a cyanocarbon, is the defining component of **tear gas** commonly referred to as **CS gas**, which is used as a riot control agent.

45. কোনটি Primary Standard পদার্থ নয়?

(1 point)

- HCl
 H_2SO_4
 NaOH
 Na_2CO_3
 Skip

Explanation:

প্রাইমারি স্ট্যান্ডার্ড পদার্থ : যেসব কঠিন রাসায়নিক পদার্থকে (i) বিশুদ্ধ অবস্থায় প্রস্তুত করা যায়; (ii) এরা বাতাসের সংস্পর্শে জলীয় বাষ্প বা O_2 সহ বিক্রিয়া করে না; (iii) এদের ওজন নেয়ার সময় রাসায়নিক নিষ্ক্রিয় করে না এবং (iv) এদের দ্রবণের ঘনমাত্রা দীর্ঘদিন অপরিবর্তিত থাকে; এদেরকে প্রাইমারি স্ট্যান্ডার্ড পদার্থ বলে। যেমন,

- (১) অনর্ধ সোডিয়াম কার্বনেট (Na_2CO_3) ক্ষার,
 (২) কেলসিট ইথেন ডাইওয়িক এসিড বা অক্সালিক এসিড ($\text{H}_2\text{C}_2\text{O}_4 \cdot 2\text{H}_2\text{O}$),
 (৩) পটাসিয়াম ডাইক্রোমেট ($\text{K}_2\text{Cr}_2\text{O}_7$) জারক পদার্থ,
 (৪) কেলসিট সোডিয়াম ইথেন ডাইওয়িক বা অক্সালেট ($\text{Na}_2\text{C}_2\text{O}_4 \cdot 2\text{H}_2\text{O}$) বিজারক পদার্থ ইত্যাদি হলো প্রাইমারি স্ট্যান্ডার্ড পদার্থ।

সেকেন্ডারি পদার্থ : যে সব পদার্থের মধ্যে প্রাইমারি স্ট্যান্ডার্ড পদার্থের চারটি বৈশিষ্ট্যের যেমন বিশুদ্ধতা, বাতাসে অপরিবর্তিত থাকা, রাসায়নিক নিষ্ক্রিয় না করা অথবা ঘনমাত্রার পরিবর্তন না ঘটা ইত্যাদির কোনো একটির অভাব ঘটে, তখন এদেরকে সেকেন্ডারি স্ট্যান্ডার্ড (Secondary Standard) পদার্থ বলে। সেকেন্ডারি পদার্থ হলো যেমন,

- (১) NaOH ক্ষার, (২) HCl এসিড, (৩) H_2SO_4 এসিড,
 (৪) পটাসিয়াম পারম্যাঙ্গানেট (KMnO_4) জারক পদার্থ,
 (৫) সোডিয়াম থায়োসালফেট ($\text{Na}_2\text{S}_2\text{O}_3 \cdot 5\text{H}_2\text{O}$) বিজারক পদার্থ ইত্যাদি।

46. অক্সিজেনের স্ফুটনাঙ্ক কত ?

(1 point)

- -183°C
 183°F
 -120°C
 100 K
 Skip

oxygen	
atomic number	8
atomic weight	15.9994
melting point	-218.4 °C (-361.1 °F)
boiling point	-183.0 °C (-297.4 °F)
density (1 atm, 0 °C)	1.429 g/litre



Explanation:

47. নাইট্রোজেন এর হাইড্রাইড কোনটি?



